

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd



স্মারক নং-৪৫.১৩৭.১১৬.০০.০০.০০১.২০১৬-১০৪৮


তারিখ: ২৬ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ
১০ আগস্ট, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি সফল বাস্তবায়ন সংক্রান্ত।

আগামী ১৫ আগস্ট, ২০২০ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি গ্রহণ এবং গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে ১০-০৮-২০২০ তারিখে এক সভা অনুষ্ঠিত হয় (কপি সংযুক্ত)। সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে ১৫ আগস্ট, ২০২০ তারিখ জাতীয় শোক দিবসে যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্য রক্ষা করে নিম্নবর্ণিত কর্মসূচি বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলোঃ

১. ১৫ আগস্ট, ২০২০ তারিখ শনিবার, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সকল প্রতিষ্ঠানের (কমিউনিটি ক্লিনিক পর্যন্ত বিস্তৃত হবে) ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনগ্নিত থাকবে।
২. স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে দেশের সকল সরকারি হাসপাতালে (জেলা/উপজেলা/ইউনিয়ন/কমিউনিটি ক্লিনিক পর্যন্ত) ব্যানার প্রস্তুত করে দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। একইসঙ্গে সকল বেসরকারি স্বাস্থ্য সেবা ও মেডিকেল শিক্ষা প্রতিষ্ঠানে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস উপলক্ষে ব্যানার প্রস্তুত করে দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে এবং সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি মেনে অন্যান্য কর্মসূচী পালন করবে।
৩. স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থায় (জেলা ও উপজেলা পর্যায়ে) সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি প্রতিপালন করে জনপ্রতিনিধি, রাজনৈতিক ব্যক্তিবর্গ, ডিসি, এসপিসহ সকল সরকারি দপ্তর প্রধান ও অন্যান্যদের আমন্ত্রণ জানিয়ে আলোচনা সভা, কোরআন তেলাওয়াত ও দোয়া মাহফিলের আয়োজন করতে হবে।
৪. সারা দেশে সকল সরকারি হাসপাতালের রোগীদের জন্য উন্নত মানের খাবার পরিবেশন করতে হবে।
৫. স্বাস্থ্য সেবা বিভাগের পক্ষ থেকে শহরের গুরুত্বপূর্ণ স্থান, বিভিন্ন দপ্তর/সংস্থার সম্মুখে জনগণের স্বাস্থ্য সম্পর্কিত বঙ্গবন্ধুর বাণী ও ছবি সম্বলিত বিলবোর্ড/প্লেকার্ড/ফ্লায়ারের মাধ্যমে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। একইসঙ্গে Covid-19 জনিত মহামারীর প্রেক্ষিতে সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি সম্পর্কিত প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৬. স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে দেশের সকল সরকারি হাসপাতালে (জেলা/উপজেলা/ইউনিয়নসহ) দিনব্যাপী বিনামূল্যে চিকিৎসা (ডায়াগনস্টিক পরীক্ষাসহ) সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। কোন প্রকার চিকিৎসা ফি নেয়া যাবেনা।

০২। এমতাবস্থায়, জাতীয় শোক দিবস পালনে বর্ণিত কর্মসূচী আগামী ১৩-০৮-২০২০ তারিখের মধ্যে সম্পন্নপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ আবদুছ সালাম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল)

.....।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (গৃহিত সিদ্ধান্ত অনুযায়ী মাঠ পর্যায় পর্যন্ত যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ২। পরিচালক (সকল) (গৃহিত সিদ্ধান্ত অনুযায়ী মাঠ পর্যায় পর্যন্ত যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (সকল).....।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ৯। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।